

## কৃষি শিক্ষা ও কৃষি গবেষণা

কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি কলেজগুলির আধুনিকায়ন ও সম্প্রসারণের উপর যথাযথ গুরুত্ব আরোপের কথা বলা হইয়াছে। বিষয়টি নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ। বাংলাদেশের মতো একটি কৃষিভিত্তিক দেশে কৃষি অর্থনীতির বিকাশ ও কৃষি উন্নয়নের স্বার্থেই কৃষি শিক্ষায়তনগুলির সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রয়োজন। কেবল কৃষি কলেজগুলিই নয়, দেশের কৃষি গবেষণা কেন্দ্রগুলিরও সম্প্রসারণ ও উন্নয়নের প্রতি সচেতন হওয়া কর্তব্য। কৃষি উন্নয়নের কথা কেবল মুখে বলাই যথেষ্ট নয়, কৃষি উন্নয়নের জন্য প্রয়োজন কৃষি সংক্রান্ত উচ্চতর শিক্ষা ও গবেষণা। কৃষি ক্ষেত্রে উপযুক্ত স্থান লাভ ও দক্ষতা বৃদ্ধি ব্যতীত প্রকৃত কৃষি উন্নয়ন সম্ভব নয়। এজন্য কৃষি শিক্ষা ও কৃষি গবেষণার মান উন্নয়ন ও সুযোগ-সুবিধা বৃদ্ধির বিষয়টি বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

বর্তমান বিশ্বে কৃষি ক্ষেত্রে বিস্ময়কর উন্নতি সাধিত হইয়াছে। এই উন্নতির পশ্চাতে রহিয়াছে কৃষি বিজ্ঞানীদের নিরলস প্রয়াস। কৃষি বিজ্ঞানীরা অব্যাহত গবেষণার মাধ্যমে কৃষি ক্ষেত্রে যে অভূতপূর্ব অগ্রগতি সাধন করিয়াছেন তাহার জন্যই আজ কৃষি উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে এই বিস্ময়কর সাফল্য অর্জন সম্ভব হইয়াছে। যে দেশে কৃষি গবেষণা ও কৃষি বিজ্ঞান যতো অগ্রসর, সেদেশেই ততো কৃষি উৎপাদন বৃদ্ধিও সম্ভব হইয়াছে। কৃষি ক্ষেত্রে দক্ষতা অর্জন ছাড়া দেশের কৃষি ব্যবস্থায়ও উন্নয়ন সাধন সম্ভব নয়। কৃষি ক্ষেত্রে বিরাজমান সমস্যা সমাধানের জন্য কৃষি সংক্রান্ত উচ্চ শিক্ষা ও গবেষণা অপরিহার্য। দেশের কৃষি শিক্ষা-য়তনগুলির সাবিক উন্নতি ও

শিক্ষার মান উন্নয়ন করা কৃষি ভিত্তিক একটি দেশের কৃষি উন্নয়ন ও কৃষি অর্থনীতির বিকাশের জন্যই একান্তভাবে প্রয়োজন।

কৃষি ক্ষেত্রে অনেক পরিবর্তন সাধিত হইয়াছে, সেকথা সত্য। দেশের কৃষি উৎপাদন বৃদ্ধিও পাইয়াছে। কিন্তু তাহার পরও এখনো কৃষি উৎপাদনের অতীত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয় নাই। খাদ্যশস্যের বিপুল ঘাটতি এখনো দেশের একটি বড়ো বাস্তবতা। ডাল, সরিষা প্রভৃতি কৃষি পণ্যের উৎপাদনও বৃদ্ধি করা প্রয়োজন। পাট চাষের ক্ষেত্রেও নানা জটিলতা বিদ্যমান। ইহা ছাড়াও নতুন জাতের ধান চাষের মাধ্যমে ধানের উৎপাদন আরো বৃদ্ধি করা সম্ভব। সমগ্নিত চাষাবাদ এবং এক সঙ্গে একাধিক ফসলের আবাদ প্রভৃতিও কৃষি ক্ষেত্রে নানা রূপান্তর সাধন করিতে পারে। কিন্তু এসব কিছুই জন্মাই কৃষি বিষয়ক উন্নত জ্ঞান ও দক্ষতা প্রয়োজন। মাকাতার আমলের চাষাবাদ ও পুরাতন ধ্যান-ধারণা লইয়া কৃষি উন্নয়ন সম্ভব নয়। এমনকি রাসায়নিক সার ও কীটনাশক প্রভৃতি ব্যবহারের ক্ষেত্রেও আধুনিক কৃষি জ্ঞানের প্রয়োজন। এক্ষেত্রে আমাদের কৃষি শিক্ষায়তন ও গবেষণা প্রতিষ্ঠানগুলি ব্যাপক ভূমিকা রাখিতে পারে। কিন্তু সে জন্য এইসব শিক্ষা প্রতিষ্ঠান ও গবেষণা কেন্দ্রের উন্নয়ন, আধুনিকায়ন ও সুযোগ-সুবিধা বৃদ্ধি করা প্রয়োজন। তাই কৃষি উন্নয়ন ও কৃষি অর্থনীতির স্বার্থে কৃষি ভিত্তিক বাংলাদেশে কৃষি শিক্ষা ও কৃষি গবেষণার ব্যাপক সুযোগ সৃষ্টির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথার্থই উদ্যোগী হইবেন বলিয়া আমরা আশা করি।

9